

বেগমগঞ্জ কারিগরি উচ্চবিদ্যালয়ে ট্রেড কোর্সে পাঠদান বন্ধ

■ চৌমুহনী (নোয়াখালী) সংবাদদাতা
ইন্টারমিডিয়েট পর্যায়ে উন্নীত করার
লক্ষ্যে পাকআমলে প্রতিষ্ঠিত
বেগমগঞ্জ সরকারি কারিগরি
উচ্চবিদ্যালয়ে শিক্ষক সংকটসহ
নানাবিধ সমস্যায় কয়েক বছর পূর্ব
থেকে ট্রেড কোর্সসমূহের পাঠদান বন্ধ
হয়ে যায়। এতে ওয়ার্কসপের
যন্ত্রপাতিসমূহ যেমন দাপোতা হচ্ছে,
অপরদিকে ওয়ার্কসপ ভবনসমূহ ঝরে
ঝরে পড়ছে। বিদ্যালয় সূত্রে জানা
যায়, চৌমুহনী শহরের চৌরাসুতায়
১৯৬৫ সালে ইন্টারমিডিয়েট পর্যায়ে
উন্নীত করার লক্ষ্যে সরকারি কারিগরি
উচ্চবিদ্যালয় প্রতিষ্ঠা করে। ঐ সময়
বিশালাকার তিনতলা একাডেমিক ও
প্রশাসনিক ভবন এবং ছাত্রাবাস নির্মাণ
করে।
তাছাড়া ট্রেড কোর্সসমূহের জন্য সি
টাইপের বিশাল ওয়ার্কসপ ভবন
নির্মাণ করে বিভিন্ন যন্ত্রপাতি স্থাপন
করা হয়। বিদ্যালয়টি ইন্টারমিডিয়েট

পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে স্থাপনা
নির্মাণ করা হয়। এসএসসি পর্যন্ত
সাধারণ শিক্ষার পাশাপাশি কর্মমুখী

শিক্ষা, কারিগরি ও জ্যামিতিক অঙ্কন,
কাঠের ও লোহার কাজের ওপর ট্রেড
কোর্স চালাত। স্বাধীনতা-
উত্তরকালেও দীর্ঘ বছর চালাত।
এদিকে বেগমগঞ্জ সরকারি কারিগরি
উচ্চবিদ্যালয়ে শিক্ষকের স্ট পদ
২৯টি হলেও বর্তমানে রয়েছে ১৬
জন। ইংরেজি ও অংক বিষয়ে মাত্র
১জন করে শিক্ষক দিয়ে পুরো ষষ্ঠ
থেকে দশম শ্রেণী পর্যন্ত ক্লাস চালিয়ে
নিতে হয়। ধর্ম বিষয়ে কোন শিক্ষক
নেই।

বিশেষ করে নৈশপ্রহরী না
থাকায় রাত্রিবেলায় বিদ্যালয় এলাকা
অরক্ষিত থাকে। বিদ্যালয়ের প্রধান
শিক্ষক জানান, বিষয়ভিত্তিক শিক্ষক
নিয়োগ করে ট্রেড কোর্সগুলো পুনরায়
চালা করা যায়। বর্তমানে সাধারণ
শিক্ষা বিভাগেও ১৩ জন শিক্ষকের
অভাব রয়েছে। সংশ্লিষ্ট বিভাগ
উদ্যোগ নিলে প্রতিষ্ঠানটিতে পুনরায়
ট্রেড কোর্স চালুসহ ইন্টারমিডিয়েট
পর্যায়ে উন্নীত করা যায়।